ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৬২৭
বিলোনীয়া, ৬ নভেম্বর, ২০২৫

**অনুর্দ্ধ ১৪ এবং ১৭ বছরের ছেলেমেয়েদের**
**রাজ্যভিত্তিক ব্যাডমিন্টন প্রতিযোগিতা শুরু**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আজ ১৪ বছর এবং ১৭ বছর অনুর্দ্ধ ছেলে ও মেয়েদের তিনদিন ব্যপী রাজ্যভিত্তিক ব্যাডমিন্টন স্কুল স্পোর্টস মিট বিলোনীয়া বিকেআই ইন্ডোর হলে শুরু হয়েছে। এই স্পোর্টস মিটের উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। অনুষ্ঠানের উদ্বোধন করে সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, বর্তমান রাজ্য সরকার খেলাধুলার মান উন্নয়নে গুরুত্ব দিয়ে কাজ করছে। পরিকাঠামো উন্নয়নের পাশাপাশি খেলোয়াড়দের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন পদক্ষেপ নেওয়া হচ্ছে। তিনি এই স্পোর্টস মিটের মাধ্যমে খেলোয়াড়দের প্রতিভা মেলে ধরার জন্য আহ্বান জানান।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত বলেন, সুস্থ সমাজ গঠনে খেলাধুলার গুরুত্ব রয়েছে। খেলোয়াড়দের বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদানে বর্তমান সরকার প্রয়াস চালিয়ে যাচ্ছে। এ লক্ষ্যে রাজ্য এবং জাতীয়স্তরে খেলার সুযোগ পাওয়া খেলোয়াড়দের জিলা পরিষদের পক্ষ থেকেও বিশেষ প্রশিক্ষনের ব্যবস্থা করা হচ্ছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের সদস্য দীপায়ন চৌধুরী, ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের যুগ্ম সচিব শুভনজিৎ সিনহা। এছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না মজুমদার, ঋষ্যমুখ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শম্ভুনাথ কর, বিলোনিয়া পুর পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুপম চক্রবর্তী, বিশিষ্ট সমাজসেবী সায়ন্তন দত্ত, ক্রীড়া দপ্তরের মহকুমাস্তরের আধিকারিকগণ। স্বাগত বক্তব্য রাখেন, জেলা ক্রীড়া আধিকারিক ঋতেশ শীল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিলোনিয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ। রাজ্যভিত্তিক ব্যাডমিন্টন স্কুল স্পোর্টস মিটে রাজ্যের ৮টি জেলা থেকে ১২৪ জন খেলোয়ার সহ তাঁদের শারীর শিক্ষক ও কোচরা অংশগ্রহণ করে। এই স্পোর্টস মিট চলবে আগামী ৮ নভেম্বর পর্যন্ত।

*****